

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ২১ জুন, ২০১৭ সকাল ১০:০০ ঘটিকা
স্থানঃ সচিব মহোদয়ের সভা কক্ষ (ব্লক-৪, কক্ষ-৬),
পরিকল্পনা বিভাগ
সভাপতিঃ জনাব জিয়াউল ইসলাম
সচিব, পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ আলোচনাঃ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। যুগ্মসচিব (সমন্বয়) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র নং ০৪.০০.০০০০.৮২২.১৪.০৫২.১৭.১৯৭(১), তারিখ ০৮ জুন, ২০১৭ খ্রিঃ মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-১৮ প্রণয়ন পূর্বক নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে ২১ জুন, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-১৮ প্রণয়ন করে উক্ত পরিপত্রের সাথে প্রেরণ করা হয়েছে। তদ্ব্যপেক্ষিতে পরিকল্পনা বিভাগের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, ২০১৭-১৮ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। অতঃপর তিনি খসড়া কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। খসড়া কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। সভাপতি খসড়া কর্ম-পরিকল্পনার ১.৩ মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ, ৫.৬ ই- টেন্ডারিং মাধ্যমে ক্রয় কার্যক্রম কর্ম-সম্পাদন, ৭.৫ দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম গ্রহণ, ৭.৬ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ, ৯. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম এবং ১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative budget) অর্থের পরিমাণ ইত্যাদি কার্যক্রমসমূহের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (বাজেট), যুগ্মসচিব (সমন্বয়), যুগ্মপ্রধান (এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ), যুগ্মপ্রধান (কার্যক্রম) এবং সিনিয়র সহকারী প্রধান (পিটি) কে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন। খসড়া কর্মপরিকল্পনাটির অন্যান্য কার্যক্রমের বিপরীতে প্রস্তাবিত লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় ঐক্যমত্য পোষণ করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
- ৩.১ খসড়া কর্ম-পরিকল্পনার ১.৩ মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ, ৫.৬ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রম কর্ম-সম্পাদন, ৭.৫ দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম গ্রহণ, ৭.৬ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ, ৯. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম এবং ১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative budget) অর্থের পরিমাণ ইত্যাদি কার্যক্রমসমূহের জন্য যুগ্মসচিব (প্রশাসন), যুগ্মসচিব (বাজেট), যুগ্মসচিব (সমন্বয়), যুগ্মপ্রধান (এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ), যুগ্মপ্রধান (কার্যক্রম) এবং সিনিয়র সহকারী প্রধান (পিটি) এর সমন্বয়ে যথাযথভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।
- ৩.২ অদ্যই (২১/০৬/২০১৭) সিদ্ধান্ত নং ৩.১ এর সুপারিশসমূহ অন্তর্ভুক্ত করে কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৩.৩ কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/সেল কে নির্ধারিত তারিখ/সংখ্যায়/মাত্রায় কাজিক্ত ফলাফল অর্জন করতে হবে।
- ৩.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে বাজেট শাখা হতে অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।
- ৪.০ সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-২১-০৬-২০১৭ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
পরিকল্পনা বিভাগ।

নং- ২০.০০.০০০০.৩৩২.০৪.০০২.১৩(অংশ-১)- ১৬৯


তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
২১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি, পরিকল্পনা বিভাগ।
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি, পরিকল্পনা বিভাগ।
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা ও সদস্য, নৈতিকতা কমিটি, পরিকল্পনা বিভাগ।
৬. যুগ্মসচিব (প্রশাসন/পিটি/বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপসচিব (সাধারণ-১/২, এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. সিনিয়র সহকারী প্রধান, পিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।


(শ্যামল কুমার সিংহ)

যুগ্মসচিব

ফোনঃ ৯১১৭৯১৪

e-mail: dsplandivco@gmail.com